REGIONAL NEWS UNIT

**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 21-12-2024**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**Finance Minister-Rajasthan :**

অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় গতকাল রাজস্থানের জয়সলমেরে অনুষ্ঠিত প্রি-বাজেট বৈঠকে উপস্থিত ছিলেন। তিনি বৈঠকে অর্থমন্ত্রী ত্রিপুরায় সাম্প্রতিক বন্যায় সৃষ্ট ক্ষয়ক্ষতির মোকাবিলার জন্য জাতীয় প্রাকৃতিক বিপর্যয় তহবিলের অবশিষ্ট ১৪ হাজার ২৪৭ কোটি টাকা দ্রুত প্রদান করার জন্য ভারত সরকারকে অনুরোধ করেছেন। অর্থমন্ত্রী ত্রিপুরা উপজাতি এলাকা স্বশাসিত জেলা পরিষদের অবকাঠামো উন্নয়নের জন্য ৫০০ কোটি টাকার একটি বিশেষ আর্থিক প্যাকেজও চেয়েছেন। অর্থমন্ত্রী শ্রীসিংহ রায় ত্রিপুরায় এইমস, আইআইটি এবং আইআইএম স্থাপনের জন্য ভারত সরকারকে অনুরোধ করেন, যা সুপার-স্পেশালিটি চিকিৎসার চাহিদা পূরণ করবে এবং ত্রিপুরার জনগণকে মর্যাদাপূর্ণ শিক্ষার সুযোগ প্রদান করবে। বৈঠকে অর্থমন্ত্রীর সাথে ছিলেন অর্থ দপ্তরের অতিরিক্ত সচিব আকিঞ্চন সরকার।

*****************************

**NEC Meeting :**

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী তথা উত্তরপূর্বাঞ্চল উন্নয়ন পরিষদের চেয়ারম্যান অমিত শাহের পৌরহিত্যে আজ আগরতলার প্রজ্ঞা ভবনে এনইসির প্লেনারি কমিটির পূর্ণাঙ্গ অধিবেশন অনুষ্ঠিত হবে। গতকাল স্বরাষ্ট্রমন্ত্রী শ্রী শাহ আগরতলা পৌঁছোন। ডোনার মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়াও অধিবেশনে যোগ দিতে গতকালই আগরতলা আসেন। আজকের বৈঠকে উত্তর পূর্বাঞ্চলের সমস্ত রাজ্যের মুখ্যমন্ত্রী এবং রাজ্যপালগণ উপস্থিত থাকবেন।

উল্লেখ্য, উত্তরপূর্বাঞ্চল পরিষদ, এন ই সির ৭২তম অধিবেশনের প্রথম দিনে গতকাল প্রাক-পূর্ণাঙ্গ অধিবেশন হয়। অধিবেশনে উত্তরপূর্বাঞ্চল উন্নয়ন মন্ত্রক বা ডোনার প্রতিমন্ত্রী ডঃ সুকান্ত মজুমদার বলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে উত্তর-পূর্বের রাজ্যগুলিতে গত কয়েক বছর ধরে উন্নয়ন ও এবং বিনিয়োগ ক্ষেত্রে উল্লেখযোগ্য বৃদ্ধি হয়েছে। দুদিনব্যাপী অধিবেশনে এই অঞ্চলের অধিকতর উন্নয়নের জন্য বিভিন্ন মন্ত্রকের দ্বারা উন্নয়ন পরিকল্পনা উপস্থাপন করা হচ্ছে।

এই অধিবেশনকে ঘিরে আগরতলায় ব্যাপক নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

উল্লেখ্য, উত্তরপূর্বাঞ্চল উন্নয়ন মন্ত্রক এই অঞ্চলের জন্য ভারসাম্যপূর্ণ, সুস্থায়ী এবং অন্তর্ভুক্তিমূলক প্রবৃদ্ধির লক্ষ্যে অগ্রাধিকার দিয়ে কাজ করছে। উত্তর-পূর্ব রাজ্যগুলির প্রতি ভারত সরকারের প্রতিশ্রুতির দিকে লক্ষ্য রেখে, এই অঞ্চলের অনন্য চ্যালেঞ্জগুলি মোকাবেলার জন্য একটি নিবেদিত পদ্ধতির প্রয়োজনীয়তা অনুভব করে ডোনার মন্ত্রক গঠন একটি যুগান্তকারী মুহূর্ত ছিল।

******************************

**Jyotiraditya Sindhia :**

এদিকে, ডোনার মন্ত্রী শ্রী সিন্ধ্রিয়া সাংবাদিকদের জানান গত একবছরে এনইসি-এর কাজ এবং এই অঞ্চল থেকে রাজ্যগুলির বিভিন্ন প্রয়োজন পূরণের বিষয়ে বিস্তৃত আলোচনা করা হবে এই অধিবেশনে।

তিনি বলেন স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের সভাপতিত্বে অধিবেশন এই অঞ্চলের দ্রুত বৃদ্ধির জন্য এক নতুন ভিত্তি স্থাপন করবে। তাছাড়া আগামী দিনগুলিতে উত্তর-পূর্বাঞ্চলের দ্রুতগতি সম্পন্ন উন্নয়ন লক্ষ্যমাত্রা ও নির্ধারণ করা হবে বলে তিনি জানান।

*******************************

**Amit Shah-Rabindrabhavan :**

আগামীকাল আগরতলায় রবীন্দ্র শতবার্ষিকী ভবনে সমবায় সম্মেলন-২০২৪ অনুষ্ঠিত হবে। এই অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থাকবেন কেন্দ্রীয় স্বরাষ্ট্র ও সমবায় মন্ত্রী অমিত শাহ। গতকাল সচিবালয়ে  সাংবাদিক সম্মেলনে সমবায় দপ্তরের মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া এই খবর জানান।

*****************************

**NESAC. Meeting :**

উত্তর পূর্বাঞ্চল পরিষদের প্লেনারি অধিবেশনের পাশাপাশি আজ আগরতলায় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের পৌরহিত্যে উত্তর পূর্বাঞ্চল স্পেস এপ্লিকেশন সেন্টারের পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হবে। অনুষ্ঠানে উপস্থিত থাকবেন ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থার চেয়ারম্যান ডঃ এস সোমনাথ। স্বরাষ্ট্র মন্ত্রী শ্রী শাহের ব্যাঙ্কার্স কনক্লেভে যোগ দেবার কথাও রয়েছে।

****************************

**Assembly Session :**

আগামী ১০ই জানুয়ারী থেকে ত্রিপুরা বিধানসভার শীতকালীন অধিবেশন শুরু হচ্ছে। এটি ত্রয়োদশ রাজ্য বিধানসভার ষষ্ঠ অধিবেশন। রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লুর ভাষণের মধ্য দিয়ে শুরু হবে বছরের প্রথম অধিবেশন। গতকাল বিধানসভার সচিবালয় থেকে এই খবর জানানো হয়েছে।

****************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৯শে ডিসেম্বর রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত'-এর ১১৭তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত

চিন্তাভাবনা 'মন-কি-বাত'-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং নম: APP-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। ফোনলাইন এমাসের ২৭ তারিখ পর্যন্ত খোলা থাকবে। এছাড়াও, 1922 নম্বরে মিস-কল দিলে যে লিঙ্ক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে।

****************************

**State Chief Information Commissioner :**

রাজ্যের মুখ্য তথ্য কমিশনার হিসেবে নিযুক্ত হয়েছেন আইএফএস অফিসার বিনয় শঙ্কর মিশ্র। গতকাল রাজ্য সরকারের সাধারন প্রশাসনের যুগ্ম সচিব দেবযানী দেব এক বিজ্ঞপ্তিতে এই খবর জানিয়েছেন। তিনি আরও জানান, শ্রী মিশ্রকে তিন বছর অথবা তাঁর বয়স ৬৫ বছর হওয়া পর্যন্ত নিয়োগ করা হয়েছে।

*************************

**Vijay Hazare :**

বিজয় হাজারে ট্রফিতে আজ বরদার বিরুদ্ধে প্রথম ম্যাচ খেলবে রাজ্যদল। হায়দ্রাবাদের জিমখানা মাঠে হবে এই ম্যাচ। ত্রিপুরার দ্বিতীয় ম্যাচ আগামী ২৩শে ডিসেম্বর বিহারের বিরুদ্ধে। রাজ্যদল ম্যাচের আগে গতকাল চূড়ান্ত প্রস্তুতি সেরে নিয়েছে। এই আসরে রাজ্যদলের অধিনায়কত্ব করবেন মনদ্বীপ সিং।

**************************

**Weather :**

আজকের আকাশ সাধারনত মেঘাচ্ছন্ন থাকবে। আগরতলায় সকালে হালকা বৃষ্টি হয়েছে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৫.৮ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকতে পারে ২৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি।

*******************************************